# ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

মাদ্‌রাসা পরিদর্শন দফতর
www.iau.edu.bd iauins13@gmail.com
ওয়েস্ট ধানমন্ডি, বছিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১।

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/ চট্ট-৯৯/২০১৬/১৫২৪৩ তারিখ: ২৩ আশ্বিন ১৪৩২ বঙ্গাব্দ
০৮ অক্টোবর ২০২৫ খ্রিস্টাব্দ

## অফিস আদেশ

চট্টগ্রাম নেছারিয়া কামিল মাদরাসা, ডাকঘর: পিরোজ শাহ কলোনী, উপজেলা: পাহাড়তলী, জেলা: চট্টগ্রাম-এর কামিল (স্নাতকোত্তর) ১ বছর মেয়াদী আল হাদীস এন্ড ইসলামিক স্টাডিজ স্তরের অধিভুক্তি নবায়নের বিষয়ে অধ্যক্ষের ০১.০৩.২০২৫ খ্রিঃ তারিখের দাখিলকৃত আবেদন ও ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধিভুক্তি নবায়ন সংক্রান্ত বিধি-২০২৩ অনুযায়ী গঠিত ০১ (এক) সদস্য বিশিষ্ট পরিদর্শন কমিটির দাখিলকৃত প্রতিবেদনের পরিপ্রেক্ষিতে মাদ্‌রাসাটির ফাজিল (পাস) বিএ স্তরের বিভাগ নিম্নবর্ণিত শর্তে ২৬.০৩.২০২৫ খ্রিঃ থেকে ২৫.০৩.২০২৯খ্রিঃ তারিখ পর্যন্ত ০৪ (চার) বছরের জন্য অধিভুক্তি নবায়ন প্রদান করা হলো ঃ

**শর্তসমূহ ঃ**

১. ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের সিলেবাসে উল্লেখিত রেফারেন্সসমূহের মূলকপি/পিডিএফ থেকে প্রিন্টেড কপি মাদরাসার লাইব্রেরিতে সংরক্ষণ করতে হবে।
২. লাইব্রেরি বুক কোডিং সিস্টেম (Library Book Coding Szstem) অনুসরণ করে লাইব্রেরির বইগুলো সুশৃঙ্খলভাবে সংরক্ষণ, অনুসন্ধান ও পরিসংখ্যানের ব্যবস্থা করতে হবে।
৩. মাদরাসার লাইব্রেরিতে শিক্ষক ও শিক্ষার্থীদের পড়ালেখার জন্য সময় নির্ধারণ করতে হবে এবং বই ইস্যু রেজিস্টারের যাবতীয় তথ্য হালনাগাদ করতে হবে।
৪. মাদরাসার শিক্ষক-কর্মকর্তা-কর্মচারীগণের দৈনিক হাজিরাবহিতে আগমন-প্রস্থান নিশ্চিত করতে হবে।
৫. মাদরাসার শিক্ষক-কর্মকর্তা-কর্মচারীগণের নিয়মিত বায়োমেট্রিক হাজিরা নিশ্চিতকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।
৬. মাদরাসার সার্বিক নিরাপত্তার জন্য সি.সি. ক্যামেরার ব্যবস্থা করতে হবে।
৭. মাদরাসায় হোস্টেল চালু করতে হবে এবং হোস্টেলে পড়ালেখার সুষ্ঠু পরিবেশ নিশ্চিত করতে হবে।
৮. মাল্টিমিডিয়া প্রজেক্টরসহ কমপিউটার ল্যাব চালু করতে হবে।
৯. আরবি-বাংলা-ইংরেজি তিন ভাষায় মাদরাসার কক্ষসমূহের জন্য নেমপ্লেট তৈরি করতে হবে।
১০. শ্রেণিকক্ষে মূল আরবি কিতাবের মাধ্যমে পাঠদান নিশ্চিত করতে হবে।
১১. সার্বিক বিষয়ে তদারকির জন্য মাদরাসায় অধ্যক্ষের আবাসনের ব্যবস্থা করাতে হবে।
১২. সকল ক্রয়ে ক্রয়-কমিটি, অডিট কমিটি ও এডহক কমিটি/গভর্নিং বডির অনুমোদন থাকতে হবে।
১৩. শিক্ষার্থীদের মেধা বিকাশের জন্য নিম্নোক্ত ক্লাবসমূহ গঠন করতে হবে:
ক. Debate & Public Speaking Club L. Language &Literacy Club [Arabic, English, Bangla]
খ. Creative writing/Poetry Club N. Art & Photography Club
১৪. প্রতি তিন মাস পরপর অভিভাবক সমাবেশ ও শিক্ষার্থীদের শিক্ষার মানোন্নয়ন ও মেধা বিকাশের জন্য মোটিভেশনাল প্রোগ্রাম করতে হবে;
১৫. অধিভুক্তি নবায়নের মেয়াদ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ০৮ (আট) মাস পূর্বে পুনঃনবায়নের আবেদন করতে হবে;

মাননীয় ভাইস চ্যান্সেলর-এর অনুমোদনক্রমে

২২/৮/৭০/২৫

(মোঃ আইউব হোসেন)
রেজিস্ট্রার
ও
মাদ্‌রাসা পরিদর্শক (অতিরিক্ত দায়িত্ব)
মাদ্‌রাসা পরিদর্শন দফতর
মোবাইলঃ ০১৭০৫-৪০৮০০১

অধ্যক্ষ
চট্টগ্রাম নেছারিয়া কামিল মাদরাসা
ডাকঘর: পিরোজ শাহ কলোনী, উপজেলা: পাহাড়তলী, জেলা: চট্টগ্রাম

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/ চট্ট-৯৯/২০১৬/১৫২৪৩(৭) তারিখ: ২৩ আশ্বিন ১৪৩২ বঙ্গাব্দ
০৮ অক্টোবর ২০২৫ খ্রিস্টাব্দ

**অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো ঃ**

১. মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস (৭ম এবং ১০ম তলা), নিউ বেইলি রোড, রমনা, ঢাকা-১০০০।
২. চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, বকশী বাজার, ঢাকা-১২১১।
৩. রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, (একাডেমিক কাউন্সিল সভায় রিপোর্ট করার জন্য)।
৪. পি.এস টু ভিসি, ভাইস চ্যান্সেলর দপ্তর (ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য), ইআবি।
৫. আইসিটি বিভাগ, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৬. সভাপতি, চট্টগ্রাম নেছারিয়া কামিল মাদরাসা, ডাকঘর: পিরোজ শাহ কলোনী, উপজেলা: পাহাড়তলী, জেলা: চট্টগ্রাম
৭. অফিস নথি।

০৮/১০/২৫

(ছায়েদ আহাম্মদ মজুমদার)
সেকশন অফিসার
মোবাইলঃ ০১৮২০-২৯২৫৩২